দেশ ও জাতির স্বপক্ষে

দৈনিক জয়সাগর

শুক্রবার | রেজি নং- ডি ১৩৮৯ বর্ষ ০৫, সংখ্যা ৭৮ ■ সিরাজগঞ্জ ■ ১৬ জ্যৈষ্ঠ ১৪৩২ ■ ২ জিলহজ ১৪৪৬ হিজরি ■ ৪ পৃষ্ঠা ৫ টাকা | ৩০ মে ২০২৫ ইং




# সিরাজগঞ্জে ২ দিনব্যাপি মাশরুমের গুরুত্ব ও উৎপাদন কৌশল বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন

আজিজুর রহমান মুন্না, সিরাজগঞ্জঃ

সিরাজগঞ্জে ২ দিনব্যাপি মাশরুমের গুরুত্ব ও উৎপাদন কৌশল বিষয়ক প্রশিক্ষণের সম্পন্ন করা হয় । এতে প্রশিক্ষণার্থী কৃষক-কৃষাণীদের সনদপত্র প্রদান করা হয়।

কৃষি সম্প্রসারণ মাধ্যমে পুষ্টি উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ প্রকল্পের আওতায় কৃষক-কষাণী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

হটিকালচার সেন্টার খোকশাবাড়ি সিরাজগঞ্জের আয়োজনে, বৃহস্পতিবার সমাপনী দিন হটিকালচার সেন্টার খোকশাবাড়ি সিরাজগঞ্জ প্রশিক্ষণ কক্ষে দু'দিনব্যাপী প্রশিক্ষণের সমাপনীতে বক্তব্য রাখেন এবং অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের হাতে সনদপত্র তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি -কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি সিরাজগঞ্জের উপ-পরিচালক কৃষিবিদ আঃ জাঃ মুঃ আহসান শহীদ সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বারটান সিরাজগঞ্জে প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. আঃ মজিদ, আস্থা মাশরুম কৃষক-কৃষাণী সমবায় সমিতি লিমিটেড বিক্রয় কেন্দ্র বিএ কলেজ রোড় সিরাজগঞ্জের স্বত্বাধিকারী শিরীন ফেরদৌসী সুমি প্রমুখ। দু'দিন ব্যাপি প্রশিক্ষণে প্রধান প্রশিক্ষক হিসেবে বিষয়ভিত্তিক আলোচনা করেন, হটিকালচার সেন্টার খোকশাবাড়ি সিরাজগঞ্জের সিনিয়র উদ্যানতত্ত্ববিদ মোঃ শহিদুল ইসলাম। উক্ত প্রশিক্ষণে কৃষি পরিবার সিরাজগঞ্জের এডমিন প্যানেলের রাসেল রহমান রিয়াদ আরেফীন, রাশেদুল ইসলাম, এনামুল হক সহ প্রশিক্ষণার্থী কৃষক-কৃষাণীরা অংশ গ্রহণ করে।

উক্ত প্রশিক্ষণে মাশরুম, ড্রাগন এবং বিষ মুক্ত ফল ও সবজি উৎপাদন সহ বেশ কিছু বিষয় উপর আলোচনা করা হয়।